ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৭২
আগরতলা, ২২ আগস্ট, ২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'জিবিতে যত্রতত্র পার্কিংয়ে বিষিয়ে উঠছে পরিবেশ' এই শিরোনামে গত ৯ আগষ্ট, ২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, সংবাদে আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতাল কমপ্লেক্সের ট্রাফিক সিস্টেম সংক্রান্ত বিষয় নিয়ে উক্ত হাসপাতাল ও মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষের উপর যে অভিযোগ করা হয়েছে তা সঠিক নয়। এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের এস আই এস বেসরকারি সংস্থার নিরাপত্তাকর্মীরা জিবিপি হাসপাতাল ও আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ কমপ্লেক্সের ট্রাফিক সিস্টেম নিয়ন্ত্রণ করেন। উক্ত বেসরকারি সংস্থার নিরাপত্তাকর্মীরা জিবিপি হাসপাতালের প্রধান গেট থেকে শুরু করে কলেজ কমপ্লেক্স ও হাসপাতালের বিভিন্ন রাস্তায় নিরাপত্তাসহ ট্রাফিক ব্যবস্থাও পর্যবেক্ষণ করেন। কিন্তু জিবি বাজার চৌমুহনি এলাকার ট্রাফিক ব্যবস্থা নিয়ন্ত্রণের দায়িত্ব রাজ্য প্রশাসনের, তা এসআইএস বেসরকারি সংস্থার আওতাধীন নয়। জিবিপি হাসপাতাল কমপ্লেক্স ও মেডিক্যাল কলেজ প্রাঙ্গণে এসআইএস বেসরাকরি নিরাপত্তা সংস্থার নিরাপত্তা কর্মীরা যান চলাচল নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। বর্তমানে কলেজ কমপ্লেক্স ও হাসপাতাল প্রাঙ্গণে কোনো যানজট নেই বললেই চলে।

*****